


স্মারক নম্বর-০৫.৩০.৮৬১৪.০০০.১৮.০০১.১৯-৪৩৯

তারিখ : ২৬/০৬/২০২৪খ্রিঃ

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট”
বালক/বালিকা (অনুর্ধ্ব ১৭)/২০২৪ নিয়মাবলী:

- প্রতিটি খেলা বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নিয়মাবলী ও “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট” বালক/বালিকা (অনুর্ধ্ব ১৭)/২০২৪ এর প্রণীত নীতিমালা অনুযায়ী হবে।
- টুর্নামেন্টের সকল খেলা নক-আউট পদ্ধতিতে পরিচালিত হবে।
- প্রতিটি দলে ১৮জন খেলোয়াড়ের ছবি/পিএসসি/জেএসসি/এসএসসি/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ পূর্বক পূরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।
- প্রতিটি পৌরসভা হতে ০১টি দল এবং প্রতিটি ইউনিয়ন হতে ০১টি করে দল অংশগ্রহণ করবে। প্রতিটি দলে ১৮ জন খেলোয়াড়, ০১ জন কর্মকর্তা ও ০১ জন কোচ এর নাম থাকতে হবে।
- প্রতিটি খেলোয়াড়ের প্যান্ট, জার্সি ও বুট জুতা সাথে নিয়ে আসতে হবে। প্রতিটি খেলোয়াড়ের অনুর্ধ্ব-১৭ বয়স প্রমাণক সনদ ও ছবি থাকতে হবে।
- খেলার সময়কাল হবে ৯০ মিনিট, ৪৫ মিনিট পর ১০ মিনিট বিরতি দিয়ে দ্বিতীয়ার্ধের খেলা শুরু হবে।
- নির্ধারিত সময়ে খেলা অমিমাংসিত থাকলে অতিরিক্ত (৫+৫) ১০ মিনিট খেলা হবে। অতিরিক্ত সময়ে খেলায় ফলাফল না আসলে পেনাল্টি কিক (টাইব্রেকার) এর মাধ্যমে খেলার ফলাফল নির্ধারণ করতে হবে।
- প্রতিটি খেলায় তালিকাভুক্ত খেলোয়াড় হতে ০৪ জন খেলোয়াড় পরিবর্তন করা যাবে।
- খেলার রেফারির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- কোন দল খেলায় অনুপস্থিত থাকলে নির্ধারিত সময়ের ১৫ মিনিট অপেক্ষা করে উপস্থিত দলকে ০-২ গোলে বিজয়ী ঘোষণা করতে হবে।
- খেলা সংক্রান্ত কোন অভিযোগ আপত্তি থাকলে খেলা শেষ হওয়ার ০১ঘণ্টার মধ্যে ৫০০ টাকা জমাদান পূর্বক টুর্নামেন্ট কমিটির সভাপতি/সম্পাদক বরাবর লিখিত আবেদন করতে হবে।
- প্রাকৃতিক দুর্ঘটনা বা গোলযোগের কারণে খেলা না হলে রেফারি ৩০ মিনিট পর্যন্ত খেলাটি সাময়িকভাবে বন্ধ রাখতে পারবেন। এর পরও যদি খেলা পরিচালনা করা সম্ভব না হয় তবে রেফারি শেষ বাঁশি বাজিয়ে খেলা স্থগিত বা পরিত্যক্ত ঘোষণা করবেন। যা পরবর্তী দিবসে নির্ধারিত খেলার পূর্বেই টুর্নামেন্ট কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ সময় ও স্থানে অনিষ্ঠিত হবে। এ বিষয়ে উভয় দলকে ঐ দিনই অবহিত করতে হবে।
- যদি কোন দল পূর্ণ সময় পর্যন্ত খেলতে অসম্মতি জ্ঞাপন করে বা খেলা শেষ হওয়ার পূর্বেই খেলার মাঠ পরিত্যাগ করে বা মাঠে অবস্থান করে বা রেফারির আদেশ অমান্য করে খেলায় অংশ গ্রহণ থেকে বিরত থাকে বা খেলা পরিচালনার ক্ষেত্রে বাধার সৃষ্টি করে তাহলে উক্ত দলকে টুর্নামেন্ট হতে বহিস্কার করে প্রতিদ্বন্দ্বী দলকে বিজয়ী ঘোষণা করা হবে।
- খেলায় অংশগ্রহণকারী দলের সকল খেলোয়াড় সংশ্লিষ্ট ইউনিয়নের /পৌরসভার হতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার বাহিরের কোন খেলোয়াড় দলভুক্ত করা যাবে না।
- খেলাটি শুরু হবে ০৪/০৭/২০২৪ খ্রি: তারিখে এবং ৯/০৭/২০২৪খ্রি: তারিখে ফাইনালের মধ্য দিয়ে শেষ হবে।
- খেলা পরিচালনার স্বার্থে কমিটি প্রয়োজনবোধে যে কোন সিদ্ধান্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা রাখেন।


26.06.24
(মোঃ রাজিবুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ
ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট”
বালক/বালিকা(অনুর্ধ্ব ১৭)/২০২৪
ভেদরগঞ্জ, শরীয়তপুর।